# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ১৭৯. একটুখানি ভেবে দেখুন

উম্মে সালামা (রাঃ) বলেছেন যে, “আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি (যে, তিনি বলেন,) “যখন কোন মুসলমান বিপদে পড়ে এবং আল্লাহ যা তাকে বলতে আদেশ করেছেন তা বলেঃ “আমরা আল্লাহর জন্যই এবং তার দিকেই আমাদের প্রত্যাবর্তন।” (এবং এও বলে যে) “হে আল্লাহ! আমাকে আমার বিপদে পুরস্কৃত করুন এবং আমাকে এর চেয়ে উত্তম জিনিস দিয়ে প্রতিদান দিন”। তখন আল্লাহ তাকে এর চেয়ে উত্তম জিনিস দিয়ে প্রতিদান দিবেন।”

خـليلي لا والله مـا مـن ملمـة * تـدوم علـى حـي وإن هـي جـلت

فـإن نـزلت يومـا فلا تخـضعن لهـا * ولا تكـثر الشـكوى إذا النعـل زلـت

فكـم مـن كـريم قد بلي بنوائب * فصابرهـا حـتى مضت واضمحلت

وكـانت علـى الأيـام نفسي عزيزة * فلما رأت صـبري علـى الـذل ذلـت

“হে আমার দোস্ত। আল্লাহর কসম করে বলছি, বিপদ যতই কঠিন হোক না কেন তা কোন প্রাণীর উপর স্থায়ী হয়ে থাকে না। আজ কোন বিপদ হলে তাতে দমে যেও না। আর পা পিছলে গেলে তাতে অধিক অভিযোগ করো না। কতইনা মহৎ লোকদেরকে বিপদে ফেলে পরীক্ষা করা হয়েছে! তারা তাতে ধৈর্য ধরেছেন অবশেষে সেসব বিপদাপদ চলে গেছে ও বিলীন হয়ে গেছে। কতকাল আমার মন (এ দুনিয়ার প্রতি) আসক্ত হয়ে ছিল! যখন সে দেখল যে আমার ধৈর্য হার মানছে তখন সে দমল।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=7688

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন